

নিউটন এনালিস্ট
আইটি শাখা, বিএমইটি
৬৬-৬
তারিখ নং: ৪/০৭/২৪
স্মারক নং:- ৪৯.৫১.০০০০.০৪১.৩১.১১১.২৪- ৬২১
বিষয়: নিয়োগ অনুমতি প্রদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

SCANNED D-OK

তারিখ: ০৬/০৭/২০২৪

মহা-পরিচালক
জনশক্তি ব্যুরো
তারিখ: ০৬/০৭/২০২৪
স্মারক নং: ৪৯২৪
৪২১
(স্বাক্ষর)

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স জে এস কে ট্রাভেলস (আরএল-১৩৬৮) এর আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সৌদি আরবে ১০ জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	বেতন মাসিক (এসআর)+ খাওয়া	মেয়াদ	অন্যান্য সুবিধাদি
1. Saleh Husssain Salem Alsalaman and his Partner Company, Jeddah KSA Visa: 1303924933 Dt: 20/07/1445H.	লোডিং এন্ড আনলোডিং ওয়ার্কার	১০	৮০০+ ২০০	০২ বছর	বাসস্থান, যাতায়াত, ও চিকিৎসা, ফ্রি, কর্মঘণ্টা: ৮ ঘণ্টা, সপ্তাহে কর্মদিবস ৬ দিন, ছুটিকালীন বিমানভাড়া উভয়পথ নিয়োগকর্তার। চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলি:

- বাংলাদেশ থেকে সৌদি আরব কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং সৌদি আরব উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে,
- বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯(৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সিকে বিএমইটির চলমান ডাটাবেজ থেকে কর্মী নির্বাচন করতে হবে।
- ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি নিশ্চিত করবেন এবং ডাটাবেজ বহির্ভূত কোনো কর্মীর অনুকূলে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স প্রদান করা হবে না;
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস/কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, সৌদি আরব, রিয়াদ/জেদ্দা প্রতিবেদন দাখিল করবে;
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র (Emigration Clearance Card বা Smart Card) প্রদান করা হবে;
- কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত সত্যায়ন কপি প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;
- সৌদি আরব পৌঁছার প্রারম্ভে সকল ব্যয় (লেভি, বিমানভাড়া ইত্যাদি) নিয়োগকারী বহন করবেন। কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে গ্রহণকৃত অর্থ চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীর উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ সুবিধা দেয়া হবে এবং কোন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে,
- কর্মীদের চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;
- এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে বিএমইটিকে অবহিত করতে হবে;

পরবর্তী পাতায় দৃষ্টব্য

- (ঠ) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরব অথবা সৌদি আরব বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন;
- (ড) নির্দেশনা অনুসারে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- (ঢ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দুতাবাস, সৌদি আরব এবং বিএমইটিতে দাখিল করতে হবে,
- (ণ) রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোন অভিযোগ নেই এবং ইতোপূর্বে প্রেরিত কর্মীদের কর্মসংস্থান বিষয়ে নিশ্চিত হয়ে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে; এবং
- (ত) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ছাদেক আহমদ)
উপসচিব
পরিচালক (বহির্গমন)

প্রাপক
স্বত্বাধিকারী
মেসার্স জে এস কে ট্রাভেলস (আরএল-১৩৬৮)
মণিহার ক্লাসিক (৬ষ্ঠ তলা), শান্তিনগর, ঢাকা।

স্মারক নং:- ৪৯.০১.০০০০.০৪১.৩১.১১১.২৪ - ৬২০

তারিখ: ০৬/০৭/২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে;

- ০১। মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দুতাবাস/কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
- ০৪। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বিএমইটি, ঢাকা।
- ০৬। অফিস কপি।

(ছাদেক আহমদ)
উপসচিব
পরিচালক (বহির্গমন)